

## 📃 ইউনুস | Yunus | يُونُس

আয়াতঃ ১০: ৩৩

## 💵 আরবি মূল আয়াত:

## كَذٰلِكَ حَقَّت كَلِمَتُ رَبِّكَ عَلَى الَّذِينَ فَسَقُوا اَنَّهُم لَا يُؤمِنُونَ ﴿٣٣﴾

## 🗚 অনুবাদসমূহ:

এমনিভাবে তোমার রবের বাণী সত্য বলে সাব্যস্ত হয়েছে তাদের উপর, যারা অবাধ্য হয়েছে, যে তারা ঈমান আনবে না। — আল-বায়ান

এভাবে সত্য প্রত্যাখ্যানকারীদের ব্যাপারে তোমার প্রতিপালকের কথা সত্য সাব্যস্ত হয়েছে যে, তারা ঈমান আনবে না। — তাইসিরুল

এভাবে সমস্ত অবাধ্য লোকদের সম্পর্কে তোমার রবের এই কথা সাব্যস্ত হয়ে গেল যে, তারা ঈমান আনবেনা। — মুজিবুর রহমান

Thus the word of your Lord has come into effect upon those who defiantly disobeyed - that they will not believe. — Sahih International

৩৩. যারা অবাধ্য হয়েছে এভাবেই তাদের সম্পর্কে আপনার রবের বাণী সত্য প্রতিপন্ন হয়েছে যে, তারা ঈমান আনবে না।(১)

(১) অর্থাৎ এ মুশরিকরা যেহেতু কুফরী করেছে এবং কুফরি চালিয়েই যাচ্ছে, আর আল্লাহর সাথে অন্যের ইবাদাত করছে, অথচ তারা জানে ও স্বীকৃতি দিচ্ছে যে, তিনিই স্রষ্টা, তাঁর রাজত্বের সবকিছুর একমাত্র নিয়ন্ত্রক, সেহেতু তাদের উপর আল্লাহর বাণী সত্য হয়ে গেছে যে, তারা হতভাগা। জাহান্নামের অধিবাসী। [ইবন কাসীর] অন্যত্রও আল্লাহ তা'আলা তা বলেছেন, "তারা বলবে, অবশ্যই হ্যাঁ। কিন্তু শান্তির বাণী কাফিরদের উপর বাস্তবায়িত হয়েছে। [সূরা আয-যুমার: ৭১]

তাফসীরে জাকারিয়া

- (৩৩) এইভাবে সত্যত্যাগীদের সম্পর্কে তোমার প্রতিপালকের এই কথা সত্য প্রতিপন্ন হয়ে গেল যে, তারা বিশ্বাস করবে না। [1]
  - [1] অর্থাৎ, যেরূপ এই মুশরিকরা সবকিছু স্বীকার করার পরেও নিজেদের শিরকের উপর অটল আছে এবং তা বর্জন করতে প্রস্তুতই নয়, অনুরূপ তোমার প্রভুর এই কথাও সাব্যস্ত হয়ে গেছে যে, এরা ঈমান আনবে না। কারণ এরা ভ্রষ্টুতার পথ ছেড়ে সঠিক পথ বেছে নেওয়ার জন্য প্রস্তুতই নয়, সুতরাং হিদায়াত ও ঈমান তাদের



নসীবে জুটবে কিভাবে? এই কথা অন্য স্থানে এই ভাবে বর্ণনা করা হয়েছে, (وَلَكِنْ حَقَّتْ كَلِمَةُ الْعَذَابِ عَلَى) "কিন্তু কাফেরদের প্রতি শান্তির হুকুমই বাস্তবায়িত হয়েছে।" (সূরা যুমার ৭১ আয়াত)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1397

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন